# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৮ সালের ২য় বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৮ |
| সময় | ঃ | সকাল১০-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

**আলোচ্যবিষয়-১ঃ** ৩১ জানুয়ারি, ২০১৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

**আলোচনা ঃ** গত ৩১ জানুয়ারি, ২০১৮ তারিখে অনুষ্ঠিত ২০১৮ সালের ১ম বোর্ডসভার সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়।

**সিদ্ধান্ত ঃ** ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্যগ্রুপ ক্যাপ্টেন মোঃ মাহামুদুর হাসান, এএফডব্লিউসি, পিএসসি, অধিনায়ক, বিমান বাহিনী ঘাঁটি বাশার এর প্রস্তাবের প্রেক্ষিতে এবং সম্মানিত সদস্যজনাব হেলাল উদ্দিন আহমেদএর সমর্থনে সর্বসম্মতিক্রমে গত মাসের সভার (২০১৮ সালের ১ম বোর্ডসভার) কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচ্যবিষয়-২ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রাক্তন ও কর্মরত ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারগণ ও তাঁদের পরিবারের সদস্যদের মৃত্যুর পর বনানী সামরিক কবরস্থানে দাফনের অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

**আলোচনা ঃ** প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সশস্ত্র বাহিনীর সকল সদস্য ও তাঁদের পরিবারবর্গ এবং ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারী ও তাঁদের পরিবারবর্গেরমৃত্যুর পর বনানী সামরিক কবরস্থানে দাফন করার প্রাধিকারভুক্ত। কিন্তু ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের এক্সিকিউটিভ অফিসারগণ ও তাঁদের পরিবারবর্গ এ সুযোগ পান না।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে বনানী সামরিক কবরস্থানে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রাক্তন ও কর্মরত ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারগণ ও তাঁদের পরিবারের সদস্যদের মৃত্যুর পর বনানী সামরিক কবরস্থানে দাফনের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।সেনাসদর, এজি শাখা, পিএস পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এবং সদর দপ্তর লজিস্টিক্স এরিয়াসহ সংশ্লিষ্ট সকল দপ্তরকে বিষয়টি অবহিত করতে হবে।

**আলোচ্যবিষয়-৩ঃ** ঢাকা সেনানিবাসে চলাচলরত রিকশা ভাড়া এবং ১০০টি রিকশা লাইসেন্স ইস্যুকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

**আলোচনা ঃ** প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসে রিকশা ভাড়া নির্ধারিত আছে এবং প্রতিটি রিকশার পিছনে এবং রিকশা স্ট্যান্ডে ভাড়ার হার টাঙানো থাকে। তদুপরি রিকশা চালকগণ আরোহীদের নিকট হতে অতিরিক্ত ভাড়া দাবী/আদায় করে থাকেন মর্মে অভিযোগ পাওযা যাচ্ছে। বর্তমান বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে রিকশা ভাড়া পুনঃনির্ধারণ করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়। এছাড়াও চাহিদার তুলনায় রিকশা পর্যাপ্ত না থাকায় আরো ১০০টি রিকশা লাইসেন্স ইস্যুর বিষয়েও সভায় মত প্রকাশ করা হয়।

**সিদ্ধান্ত ঃ**

৩.১। বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসে নিম্নবর্ণিত হারে রিকশা ভাড়া নির্ধারণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, একাধিক আরোহী 'শেয়ারিং' ভিত্তিতে চলাচল করলে নির্ধারিত ভাড়ার অতিরিক্ত হিসেবে সর্বোচ্চ ১০/- (দশ) টাকা আদায় করা যাবে। অতিরিক্ত ভাড়া দাবী/আদায় করা হলে রিকশার পিছনে ভাড়ার হারের সাথে এমপি ইউনিটের সংশ্লিষ্ট অভিযোগ ডেস্কে তাৎক্ষণিক অভিযোগ দাখিল করতে হবে।

# ভাড়ার হার

| ক্র:নং | স্থানের নাম | | | ভাড়া |
|---|---|---|---|---|
| ১. | পোষ্ট অফিস | থেকে | গ্যারিশন | ২০/- |
| ২. | জাহাঙ্গীর গেট | থেকে | সৈনিক ক্লাব | ৪০/- |
| ৩. | জাহাঙ্গীর গেট | থেকে | ইউসুফ লাইন | ৩৫/- |
| ৪. | জাহাঙ্গীর গেট | থেকে | মইনুল রোড | ৪০/- |
| ৫. | মোবাইল মার্কেট | থেকে | ওয়ার্ক শপ | ২০/- |
| ৬. | মোবাইল মার্কেট | থেকে | সৌদি কলোনী | ৩০/- |
| ৭. | মোবাইল মার্কেট | থেকে | জাহাঙ্গীরগেট | ৪০/- |
| ৮. | মোবাইল মার্কেট | থেকে | মইনুল রোড | ২৫/- |
| ৯. | মোবাইল মার্কেট | থেকে | ইউসুফ লাইন | ৩০/- |
| ১০. | মোবাইল মার্কেট | থেকে | সৈনিক ক্লাব | ৪০/- |
| ১১. | মোবাইল মার্কেট | থেকে | ডিওএইচএস | ৪৫/- |
| ১২. | মোবাইল মার্কেট | থেকে | ১৩ এম পি | ২০/- |
| ১৩. | পুরাতন এয়ার হেড কোয়ার্টার (এমইএস) | থেকে | মাটিকাটা বেড়ীবাঁধ | ২০/- |
| ১৪. | পুরাতন এয়ার হেড কোয়ার্টার (এমইএস) | থেকে | সিগনাল | ২০/- |
| ১৫. | পুরাতন এয়ার হেড কোয়ার্টার (এমইএস) | থেকে | পোস্টঅফিস | ৩০/- |
| ১৬. | পুরাতন এয়ার হেড কোয়ার্টার (এমইএস) | থেকে | গেরিশন | ২০/- |
| ১৭. | পুরাতন এয়ার হেড কোয়ার্টার (এমইএস) | থেকে | পকেটগেট (ভাষাণটেক) | ২৫/- |
| ১৮. | পুরাতন এয়ার হেড কোয়ার্টার (এমইএস) | থেকে | সিএমএইচ | ২০/- |
| ১৯. | জিয়া কলোনী | থেকে | গ্যারিশন | ৩৫/- |
| ২০. | জিয়া কলোনী | থেকে | পোস্টঅফিস | ৪০/- |
| ২১. | এম ইএস কনভেনশন | থেকে | মোস্তফা কামাল লাইন | ৬০/- |
| ২২. | এমইএস কনভেনশন | থেকে | পকেটগেট (ভাষাণটেক) | ৫০/- |
| ২৩. | এমইএস কনভেনশন | থেকে | মোস্তফা কামাল লাইন | ৬০/- |
| ২৪. | এমইএস কনভেনশন | থেকে | কুর্মিটোলা হাসপাতাল | ৭০/- |
| ২৫. | এমইএস কনভেনশন | থেকে | শাহিন কলেজ (বঙ্গবন্ধু কোর) | ৭০/- |
| ২৭. | এমইএস কনভেনশন | থেকে | জিয়াকলোনী | ৫০/- |
| ২৮. | এমইএস কনভেনশন | থেকে | সি এম এইচ | ৪০/- |
| ২৯. | এমইএস কনভেনশন | থেকে | গ্যারিশন | ৩০/- |
| ৩০. | এমইএস কনভেনশন | থেকে | পোস্ট অফিস | ২৫/- |
| ৩১. | পোস্ট অফিস | থেকে | গ্যারিশন | ২০/- |
| ৩২. | পোস্ট অফিস | থেকে | সি এম এইচ | ২৫/- |
| ৩৩. | সি এম এইচ | থেকে | মোস্তফা কামাল লাইন | ৩০/- |
| ৩৪. | মাটিকাটা (বেড়ীবাঁধ) | থেকে | সি এম এইচ | ২০/- |
| ৩৫. | মোবাইল মার্কেট | থেকে | ৪৩ ইঞ্জিনিয়ার কোর | ২০/- |
| ৩৬. | জাহাঙ্গীরগেট | থেকে | সৌদি কলোনী | ২০/- |
| ৩৭. | কচুক্ষেত | থেকে | শহীদ আনোয়ার স্কুল | ২০/- |
| ৩৮. | মাটিকাটা (বেড়িবাধ) | থেকে | সি এম এইচ | ২০/- |
| ৩৯. | আর্মি হেড কোয়ার্টার | থেকে | পকেটগেট (ভাষাণটেক) | ২০/- |

৩.২। ঢাকা সেনানিবাস এলাকার বাসিন্দাদের সুবিধার্থে আরো ১০০টি রিকশা লাইসেন্স ইস্যুর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৪ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআইএর ছাড়পত্র / রেজিস্ট্রিকৃত হেবাদলিলমুলে | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-২০, ফ্ল্যাট নং-এ/২ (৩য় তলা পূর্ব ব্লকের পূর্ব পার্শ্ব), রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস মেহেরুন নেছা স্বামী-প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ বাড়ী নং-২০, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মোসাম্মৎ রোকেয়া বেগম স্বামী-মোঃ আব্দুল গফুর আকন্দ, বাড়ী নং-২০, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬ তারিখ-১৭/০১/২০১৮ | রেজিস্ট্রিকৃত বিক্রয়/হস্তান্তর দলিলমুলে | ০৭/১২/২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং-২০/ফ্ল্যাট নং-এ/২(৩য় তলা পূর্ব ব্লকের পূর্ব পার্শ্ব)/২৮ | ফ্ল্যাটের আয়তন ১৭০০ বঃফুঃ, বেজমেন্টে ০১(এক) টি কারপার্কিং(পার্কিং নং-১) এবং আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মান নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৫(পঁনের) কাঠা জমি বিশিষ্ঠ ২০ নং প্লটের পূর্বাংশের ১২.৫০ (সাড়ে বার) কাঠা ভূমির উপর নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ৩য় তলা পূর্ব ব্লকের পূর্ব পার্শ্বের ১৭০০ বর্গফুট আয়তন বিশিষ্ট এ/২ নং ফ্ল্যাট, বেজমেন্টে ০১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ অত্র দপ্তরের ০৭ ডিসেম্বর ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-২০/ফ্ল্যাট নং-এ/২/(৩য় তলা পূর্ব ব্লকের পূর্ব পার্শ্ব)/২৮ নং পত্রের মাধ্যমে মোসাম্মৎ রোকেয়া বেগম, স্বামী-মোঃ আব্দুল গফুর আকন্দ এর নিকট বিক্রয়/হস্তান্তর দলিল রেজিষ্ট্রি করার অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক মিসেস মেহেরুন নেছা বেগম,স্বামী-প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ উক্ত ফ্ল্যাটটির খসড়া দলিল ভেটিং করতঃ প্রস্তাবিত ক্রেতা মোসাম্মৎ রোকেয়া বেগম, স্বামী-মোঃ আব্দুল গফুর আকন্দ এর নামে রেজিষ্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁর নামে নামজারী করার জন্য ১৭ জানুয়ারি ২০১৮ তারিখে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২০ নং প্লটের পূর্বাংশের ১২.৫০ (সাড়ে বার) কাঠা ভূমির উপর নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ৩য় তলা পূর্ব ব্লকের পূর্ব পার্শ্বের ১৭০০ বর্গফুট আয়তন বিশিষ্ট এ/২ নং ফ্ল্যাট, বেজমেন্টে ০১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা মোসাম্মৎ রোকেয়া বেগম, স্বামী-মোঃ আব্দুল গফুর আকন্দ এর নামে নামজারীর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৫ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তর অনুমতি ঃ

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআইএর ছাড়পত্র নম্বর ও তারিখ/ ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-৩০/ই ফ্ল্যাট নং-বি/৩ (৪র্থ তলা),রোড নং-৫ (নাজির রোড), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | শাহ মোমরেজ চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, স্প্রিংফিল্ড ডেভেলপমেন্টস লিঃ (মিসেস রোখাইয়া ওরফে রোকাইয়া ফতেহ আলী এর নিযুক্তীয় আম-মোক্তার), বাড়ী নং-৩/বি(২য় তলা), রোড নং-৯০, গুলশান-২, ঢাকা-১২১২। তারিখ-০২/০৮/২০১৭। | হুমায়রা করিম স্বামী-জনাব মেছবাহ উল আলম ফ্ল্যাট নং-২০৪, বাড়ী নং-১০, সড়ক নং-৮৪, গুলশান-০২, ঢাকা-১২১২। | ০৫/০১/২০১৮ তারিখের ২৩.০১.৯০১.৮০০. ০৩.০২৮.০১.২৫.০ ১.১৮ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ২৬৯০ বঃফুঃ ০১ টি ফ্ল্যাট, নিচতলায় ০২টি কার পার্কিং (পার্কিং নং-পি-৭ ও পি-৮) এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)। উক্ত প্লটে অননুমোদিত নির্মান ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২. | প্লট নং-৪৯/সি-১ ফ্ল্যাট নং-৫/এ (৬ষ্ঠ তলা পূর্ব) রোড নং-১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেজর (অবঃ) মোহাম্মদ শফিউল আরম,ব্যবস্থাপনা পরিচালক, রুপ ডেভেলপমেন্ট (প্রাঃ) লিঃ (জনাব নাজমুল ইসলাম চৌধুরী এর নিযুক্তীয় আম-মোক্তার), বাড়ী নং-২৮, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-১৭/০৭/২০১৭। | লেঃ কমান্ডার শাহরীয়ার হামিদ রসুল, পিতা-শওকত রসুল, বর্তমান ঠিকানাঃ-ইনস্ট্রাকটর, বিপসট, রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্ট, গাজীপুর। | ১৫/১/২০১৮ তারিখের ২৩.০১.৯০১.৮০০. ০২.১০৬.০৩.০১.১৮.১৫ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৫৫৬ বঃফুঃ ০১ টি ফ্ল্যাট, নিচ তলায় ০১টি কার পার্কিং(পার্কিং নং-৫/এ) এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)। উক্ত প্লটে অননুমোদিত নির্মান ও বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

আলোচনা ঃ

১. ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৮৮৫ বর্গফুট বা ৯.৫৬ কাঠা জমি বিশিষ্ঠ ৩০/ই নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ৪র্থ তলার ২৬৯০ (কমন স্পেসসহ কম/বেশী) বর্গফুট আয়তন বিশিষ্ট বি/৩ নং ফ্ল্যাট, নিচতলায় ০২(দুই)টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ এর মালিক শাহ মোমরেজ চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, স্প্রীংফিল্ড ডেভেলপমেন্টস লিঃ (মিসেস রোখাইয়া ওরফে রুকাইয়া ফতেহ আলী এর নিযুক্তীয় আম-মোক্তার)। তিনি উক্ত ফ্ল্যাটটি হুমায়রা করিম, স্বামী-জনাব মেছবাহ উল আলম এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে জন্য ০২ আগস্ট, ২০১৭ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর এর ২৫ জানুয়ারি,২০১৮ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩.০২৮.০১.২৫.০১.১৮ নং পত্রের মাধ্যমে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

২. ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডে ৪৯/সি-১ নং প্লটে নির্মিত ০৭ তলা বাড়ীর ৬ষ্ঠ তলার পশ্চিম পার্শ্বের ১৫০৯ বর্গফুট বিশিষ্ট ৫/বি নং ফ্ল্যাট, নিচতলায় ১টি কারপার্কিং(পার্কিং নং-৫/এ) এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ লেঃ কমান্ডার শাহরীয়ার হামিদ রসুল, পিতা-শওকত রসুল, বর্তমান ঠিকানাঃ-ইনস্ট্রাকটর, বিপসট, রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্ট, গাজীপুর এর নিকট বিক্রয়/হস্তান্তরের জন্য ফ্ল্যাটটির মালিক মেজর (অবঃ) মোহাম্মদ শফিউল আলম, ব্যবস্থাপনা পরিচালক, রুফ ডেভেলপমেন্ট (প্রাঃ) লিঃ (জনাব নাজমুল ইসলাম চৌধুরী এর নিযুক্তীয় আম-মোক্তার) ১৭ জুলাই ২০১৭ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর এর ১৫ জানুয়ারি ২০১৮ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০২.১০৬. ০৩.১৫.০১.১৮.১৫ নং পত্রের মাধ্যমে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উক্ত বাড়ীর বার্ষিক গৃহকর ২,৯০,০০০/-(দুই লক্ষ নব্বই হাজার) টাকা জুন ২০১৮ পর্যন্ত পরিশোধ আছে এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার (১) ৩০/ই নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ৪র্থ তলার ২৬৯০ (কমন স্পেসসহ কম/বেশী) বর্গফুট আয়তন বিশিষ্ট বি/৩ নং ফ্ল্যাট, নিচতলায় ০২(দুই)টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহহুমায়রা করিম, স্বামী-জনাব মেছবাহ উল আলম এর নিকট এবং (২) ৪৯/সি-১ নং প্লটে নির্মিত ০৭ তলা বাড়ীর ৬ষ্ঠ তলার পশ্চিম পার্শ্বের ১৫০৯ বর্গফুট বিশিষ্ট ৫/বি নং ফ্ল্যাট, নিচতলায় ১টি কারপার্কিং (পার্কিং নং-৫/এ) এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ লেঃ কমান্ডার শাহরীয়ার হামিদ রসুল, পিতা-শওকত রসুল এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ মহাখালী সদর এলাকার ৯০০০ বর্গফুট বা ১২.৫০ কাঠা জমি বিশিষ্ট ২৩ নং প্লট ও প্লটে নির্মিত ০১(এক) তলা বাড়ীসহ (১) জনাব মেজবাহ উদ্দিন খান, পিতা-আব্দুর রহমান ও (২) ফারিনা হক স্বামী- মেজবাহ উদ্দিন খান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রসংগে।

আলোচনা ঃ ঢাকা সেনানিবাসস্থ মহাখালী সদর এলাকার ৯০০০ বর্গফুট বা ১২.৫০ কাঠা জমি বিশিষ্ট ২৩ নং প্লট ও প্লটে নির্মিত ০১(এক) তলা বাড়ীর বর্তমান রেকর্ডীয় মালিক রেজওয়ানুর রহমান, পিতা-মওদুদুর রহমান। তিনি উক্ত প্লট ও প্লট নির্মিত ১(এক) তলা বাড়ীসহ (১) জনাব মেজবাহ উদ্দিন খান, পিতা-আব্দুর রহমান ও (২) ফারিনা হক, স্বামী-মেজবাহ উদ্দিন খান, ১১/এ, ইউএন রোড, বারিধারা আবাসিক এলাকা, ঢাকা এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে ২৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর এর ২৫ জানুয়ারি ২০১৮ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩.০২৬.০১.২৫.১০.১৭ নং পত্রের মাধ্যমে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উক্ত বাড়ীর বার্ষিক গৃহকর ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা জুন ২০১৮ পর্যন্ত পরিশোধ আছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ মহাখালী সদর এলাকার ৯০০০ বর্গফুট বা ১২.৫০ কাঠা জমি বিশিষ্ট ২৩ নং প্লট ও প্লটে নির্মিত ০১(এক) তলা বাড়ী (১) জনাব মেজবাহ উদ্দিন খান, পিতা-আব্দুর রহমান ও (২) ফারিনা হক, স্বামী- মেজবাহ উদ্দিন খান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২/এ নং রোডের ১৬/জি নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর প্লট মালিকের অংশের ফ্ল্যাটগুলো আপোষ বন্টননামা দলিল রেজিষ্ট্রি করার অনুমতি প্রসংগে।

আলোচনা ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২/এ নং রোডের ৫৪৪৫ বর্গফুট বিশিষ্ট ১৬/জি নং প্লটের যৌথ মালিক যথাক্রমে (১) বেগম সাবেরা আহমেদ (কলি),স্বামী-বিচারপতি এ এইচ এম শামসুদ্দিন আহমেদ চৌধুরী(মানিক), পিতা-শহীদ উদ্দিন আহমেদ ও (২) জনাব এহসান উদ্দিন আহমেদ, পিতা-শহীদ উদ্দিন আহমেদ। উক্ত প্লটে আলভিরা রিয়েল এষ্টেট লিঃ কর্তৃক ০৭(সাত) তলা ভবন নির্মাণ করা হয়েছে। উক্ত বাড়ীর মালিকের অংশের ফ্ল্যাটগুলো আপোষবন্টননামা দলিল রেজিস্ট্রি করার অনুমতি চেয়ে ১৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২/এ নং রোডের ১৬/জি নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর প্লট মালিকের অংশের ফ্ল্যাটগুলো আইন উপদেষ্টার আইনগত মতামত গ্রহণ সাপেক্ষে নিম্নবর্ণিতভাবে আপোষ বন্টননামা দলিল রেজিষ্ট্রি করার অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্রঃ নং | নাম | ফ্ল্যাট নং | ফ্ল্যাটের আয়তন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | বেগম সাবেরা আহমেদ(কলি) স্বামী-বিচারপতি এ এইচ এম শামসুদ্দিন আহমেদ চৌধুরী (মানিক) পিতা- শহীদ উদ্দিন আহমেদ | ফ্ল্যাট নং-১-এ (ডুপ্লেক্স) | ২য় তলার পশ্চিম পার্শ্বের ২২০০ বর্গফুট এবং ৩য় তলার ৪৪০০ বর্গফুট সহ মোট ৬৬০০ বর্গফুট (ডুপ্লেক্স) | নিচ তলায় ০৩ টি কারপার্কিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি |
| ২। | জনাব এহসান উদ্দিন পিতা-শহীদ উদ্দিন আহমেদ | ফ্ল্যাট নং-১বি | ২য় তলা পূর্ব পার্শ্ব-২২০০ বর্গফুট | নিচ তলায় ০১ টি কারপার্কিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি |
| ৩। | জনাব এহসান উদ্দিন পিতা-শহীদ উদ্দিন আহমেদ | ফ্ল্যাট নং-৩এ | ৪র্থ তলা পশ্চিম পার্শ্ব ২২০০ বর্গফুট | নিচ তলায় ০১ টি কারপাকিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি |
| ৪। | জনাব এহসান উদ্দিন পিতা-শহীদ উদ্দিন আহমেদ | ফ্ল্যাট নং-৩বি | ৪র্থ তলা পূর্ব পার্শ্বের ২২০০ বর্গফুটের ২০% ৪৪০ বর্গফুট | নিচ তলায় ০১ টি কারপাকিং এর ২০% ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি |
| ৫। | জনাবশ্রহসান উদ্দিন পিতা-শহীদ উদ্দিন আহমেদ | ফ্ল্যাট নং-৬এ | ৭ম তলার ৪৪০০ বর্গফুট | নিচ তলায় ০২ টি কারপার্কিং ও আনুপাতিক হারে অবিভক্ত/অচিহ্নিত জমি |

আলোচ্যবিষয়-৮ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের নিচতলায় (সাবেক সাত্তার মার্কেট) ২ নং দোকানটি ইজারা গ্রহীতা কর্তৃক আপন ভাতিজাকে হেবা করার অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ০৫/১১/১৯৯৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার সিদ্ধান্তক্রমে অত্র দপ্তরের ১৭ নভেম্বর ১৯৯৮ তারিখের ঢাক্যাবো/জেনারেল/১০৫/৬/২৩৪ নং পত্রে শহীদ সাত্তার মার্কেট এর ২ নং দোকানটি সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০১(এক) বছর মেয়াদে জনাব আবদুল হামিদ শিকদার-কে বরাদ্দ প্রদান করা হয় এবং ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে একটি চুক্তিপত্র সম্পাদন করা হয়।উক্ত চুক্তিপত্রে উল্লেখ আছে যে, (ঝ) "যদি ইজারা গ্রহীতা ইজারার মেয়াদ শেষ হইবার পূর্বে কিংবা ইজারা সমাপ্তি ঘটাইবার পূর্বে মৃত্যুবরণ করেন, সে ক্ষেত্রে মৃত ব্যক্তির উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণ (যদি ইজারাদাতা কর্তৃক লিখিতভাবে অনুমোদিত হন, তাহা হইলে তিনি/তাঁহারা) উক্ত দোকান উপরোল্লিখিত ব্যক্তির মৃত্যুর তারিখ হইতে দোকান ইজারা চুক্তি শেষ সময়সীমা পর্যন্ত চালাইতে পারিবেন"।পরবর্তীতে মেয়াদ উত্তীর্ণের পর ২৯ জুলাই ২০০৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-৩২ নং সিদ্ধান্তের প্রেক্ষিতে অত্র দপ্তরের ২৪ আগস্ট ২০০৪ তারিখের ঢাক্যাবো/জেনারেল/১০৫/৭/১৬৭ নং পত্রে দোকানটি কোন ক্রমেই হস্তান্তরযোগ্য নয় মর্মে সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল কমপ্লেক্স এর নীচতলায় স্থানান্তর করার জন্য অনুরোধ করা হয়।অতঃপর ২৯/৭/২০১০ তারিখে অুনষ্ঠিত বোর্ডসভার-১৪ নং সিদ্ধান্তে সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল (সাবেক সাত্তার মার্কেট) এর নীচতলায় ০১ হতে ০৬ নং দোকান এর বিষয়ে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির প্রতিবেদন ১২ মে ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-১৫ আলোচ্যসূচীতে উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে ঃ-

*" সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের নিচতলায় ছয়টি দোকানের ভাড়া ও মেয়াদ বৃদ্ধিসহ অন্যান্য বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-*

*(১) সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের উল্লেখিত ০৬(ছয়)টি দোকানের ভাড়ার মেয়াদকাল ০৫(পাঁচ) বছর করা হলো।*

(২) *প্রতিটি দোকানের নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) হিসেবে ০৫(পাঁচ) বৎসরের জন্য ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা এককালীন ক্যান্টনমেন্ট বোর্ডে পরিশোধ করতে হবে।*

(৩) *প্রতিটি দোকানের ভাড়া প্রতি বর্গফুট ৩০/-টাকা ধার্য করা হলো। প্রতি বৎসর উক্ত ভাড়া ১০% হারে বর্ধিত করা হবে।*

(৪) *দোকান কোন অবস্থাতেই হস্তান্তরযোগ্য নহে।*

(৫) *জীবন রক্ষাকারী প্রয়োজনীয় ঔষধ সার্বক্ষণিকভাবে সংরক্ষণ করতে হবে। উক্ত ঔষধের গুণগত মান সঠিক রাখার জন্য ফ্রীজে সংরক্ষণ করতে হবে। মেয়াদ উত্তীর্ণ বা নেশা জাতীয় ঔষধ দোকান রাখা যাবে না। অন্যান্য দোকনের ক্ষেত্রেও তাদের পণ্যসমূহের মান বজায় রাখতে হবে।*

(৬) *কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত কোন অবস্থাতেই ব্যবসার ধরণ পরিবর্তন করা যাবে না।"*

উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে দোকান ভাড়াটিয়া জনাব আবদুল হামিদ শিকদার কে পত্র প্রদান করা হলে তিনি ফেরতযোগ্য জামানত ও মাসিক ভাড়া হতে অব্যহতি প্রদানের জন্য আবেদন করেন। উক্ত আবেদনপত্রটি ২৬ ডিসেম্বর ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-১৩ নং আলোচ্যসূচীতে উপস্থাপন করা হলে বোর্ড ফেরতযোগ্য জামানত ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকার পরিবর্তে ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পুনঃনির্ধারণের সিদ্ধান্ত প্রদান করে।সর্বশেষ ০৩ মে ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-১৬ নং আলোচ্য বিষয়ের সিদ্ধান্তে মাসিক ৭,০০০/-(সাত হাজার) টাকা ভাড়ায় ১/৭/২০১৫ হতে ৩০/৬/২০১৮ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য উক্ত দোকানটি ভাড়া প্রদান করা হয়েছে।জনাব মোঃ আবদুল হামিদ শিকদার সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল (সাবেক সাত্তার মার্কেট) এর নিচতলার ০২ নং দোকানটি তাঁর ঘনিষ্ঠ আত্মীয়ের নিকট হস্তান্তর/নামজারী করার জন্য ৯ জানুয়ারি ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনপত্রটি ১৪ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১৭ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে ঃ

*"বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেলে হাসপাতাল (সাবেক সাত্তার মার্কেট) এর নীচতলার ০২ নং দোকানটি হস্তান্তর/নামজারী না করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত দোকানটি বাৎসরিক ভাড়া ক্যান্টনমেন্ট বোর্ডকে প্রদান করতে হবে।"*

জনাব মোঃ আব্দুল হামিদ শিকদার এর ০৬ ডিসেম্বর ২০১৭ তারিখে নোটারীকৃত হলফনামাসহ আবেদনে জানিয়েছেন যে, তাঁর মৃত্যুর পর উক্ত দোকানটির মালিকানা তার ০২(দুই) জন ভাতিজা (১) জনাব গোলাম রব্বানী ও (২) জনাব ইমদাদুল হক পাভেল ভোগ দখল করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেছেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের নিচতলায় (সাবেক সাত্তার মার্কেট) ২ নং দোকানটি হস্তান্তরযোগ্য ইজারা নয় বিধায় আবেদনটি বিবেচনা না করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের সি/১৫৪ নং দোকান (হাজী এন্ড সন্স) ইজারা বাতিলের নিমিত্তে সেনাসদর, এজি শাখা, পিএস পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের ২৩.০১.৯০১.০৩৮.০২.০৬৮.০১.১৪.০২.১৮/৪১৪৮ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের আর্মি স্টোর হাজী এন্ড সন্স এর ব্যবসায়ী কর্তৃক সেনা কর্মকর্তা ও সেনাসদস্যগণের সাথে খারাপ আচরণকরায় এবং উক্ত ঘটনার ১৩ এমপি ইউনিটের তদন্তকারী দল কর্তৃক সত্যতা প্রমাণ পাওয়ায় সেনাসদর, এজি শাখা, পিএস পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের ২৩.০১.৯০১.০৩৮.০২.০৬৮.০১.১৪.০২.১৮/৪১৪৮ নং পত্রের মাধ্যমে উক্ত দোকানের ইজারা বাতিলের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অবহিত করে এএএন্ডকিউএমজি, সদর দপ্তর লজিষ্টিকস এরিয়াকে নিদের্শনা প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে, রজনীগন্ধা সুপার মার্কেটের হাজী এন্ড সন্স দোকান নং-সি/১৫৪।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের সি/১৫৪ নং দোকানের ইজারা বাতিলের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।সেনাসদর, এজি শাখা, পিএস পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এবংসদর দপ্তর লজিস্টিক্স এরিয়াসহ সংশ্লিষ্ট সকল দপ্তরকে বিষয়টি অবহিত করতে হবে।

আলোচ্যবিষয়-১০ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৪র্থ তলার ১৫ নং দোকানটির ইজারা বাতিল করে জমাকৃত জামানত ১,০০,০০০(এক লক্ষ) টাকা ফেরত চেয়ে ফারজানা খান নিপা, স্বামী-লেঃ কর্ণেল কাজী হালিমুর রশিদ(অবঃ) এর ২৫/২/২০১৮ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের দোকানসমূহ ইজারা প্রদানের নিমিত্তে দরপত্র আহবান করা হলে ফারজানা খান (নিপা), স্বামী-লেঃ কর্ণেল কাজী হালিমুর রশীদ(অবঃ) ৪র্থ তলার ১৫ নং দোকানটির জন্য সর্বোচ্চ ২১,৪৬,৭২১/-(একুশ লক্ষ ছেচল্লিশ হাজার সাতশত একুশ) টাকার দর দাখিল করেন। উক্ত দরটি বোর্ডসভা ও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে অত্র দপ্তরের ১৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের ঢাক্যাবো/মিরঃ ডিওএইচএস/অঃকাঃশঃকঃ/৪র্থতলা-১৫/৮ নং পত্রের মাধ্যমে সালামীর অর্ধেক ১০,৭৩,৩৬০/-(দশ লক্ষ তিয়াত্তর হাজার তিনশত ষাট) টাকা ১৫/৪/২০১৮ তারিখের মধ্যে এবং অবশিষ্ট টাকা ১ একমাস পর পর সমান ৪(চার) কিস্তিতে পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে ফারজানা খান (নিপা), স্বামী-লেঃ কর্ণেল কাজী হালিমুর রশীদ(অবঃ) ২৫/২/২০১৮ তারিখের আবেদনে জানান যে, সিডিউল ক্রয় করার সময় সালামীর মোট টাকা ০২ মাস অন্তর অন্তর ৮ কিস্তিতে অর্থাৎ ১৬ মাসে পরিশোধ করার নির্দেশনা ছিল কিন্তু ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পত্রে প্রথমে অর্ধেক এবং পরবর্তীতে ০৪ মাসে চার কিস্তিতে পরিশোধ করার জন্য বলা হয়েছে যা পরিশোধ করা তার পক্ষে সম্ভব নয় বিধায় উক্ত দোকানের বরাদ্দ বাতিল করে জমাকৃত ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা জামানত ফেরত প্রদানের জন্য অনুরোধ করেছেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তেমিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৪র্থ তলার ১৫ নং দোকানটির সর্বোচ্চ দর দাখিলকারীকর্তৃক ইজারার শর্তানুযায়ী দুই মাস অন্তর অন্তর সমান আট কিস্তিতে ষোল মাসে ইজারার সমুদয় অর্থ পরিশোধ করতে সম্মত হলে ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। অন্যথায় ইজারা গ্রহণে অপারাগতা প্রকাশ করলেদরপত্রের-১০ নং শর্তানুযায়ী জামানত বাবদ জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বাজেয়াপ্ত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১১ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রঃন ং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | এয়ার চীফ মার্শাল আবু এসরার, বিবিপি, এনডিসি, এসিএসসি | ৫১৭ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (খালী প্লট) |
| ২. | (১) বদরুন্নেছা খানম<br>স্বামী-শহীদ কর্ণেল কাজী মোয়াজ্জেম হোসেন<br>(২) কাজী সামির আসাফ<br>(৩) কাজী সাদির আসাফ<br>সর্বপিতা- শহীদ কর্ণেল কাজী মোয়াজ্জেম হোসেন | ৮৬৩ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (২য় তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট) |
| ৩. | উইং কমান্ডার বদিউজ্জামান খান | ৯২০ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (৪র্থ তলায় দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট) |
| ৪. | (১) মোহাম্মদ হাসান ইকবাল<br>(২) মোহাম্মদ হাসান ইকরাম<br>(৩) মোহাম্মদ হাসান ইউসুফ<br>(৪) সোফিয়া ইসলাম গং | ১০ | ক্যান্ট বাজার এলাকা | | বেজমেন্টসহ নতুন ০৭ তলা ভবন (পুরাতন একতলা ভবন ভেঙ্গে) |

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস ও অন্যান্যএলাকার ০৪ টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set backঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন মর্মে সভায় জানানো হয়।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে Land point of view-তে ডিওএইচএস সমূহের জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের এবং অন্যান্য ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য বিষয়-১১ এর ক্রমিক নং-১, ২, ৩ ও ৪ এর ০৪টি প্লটে ০৭(সাত) তলা নতুন ভবন/আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা নিম্নোক্ত শর্তাধীনে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

আলোচ্যবিষয়-১২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১৬ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের নতুন ও পুরাতন ভবনের ৫৬টি স্প্লিট ও উইনডো টাইপ এসি সার্ভিসিং, গ্যাস চার্জকরণ, সার্কিট মেরামত/পরিবর্তন এবং নতুন কমপ্রেসার সরবরাহ ও স্থাপন কাজ। | ১,৯০,৫৪০ | হাসপাতালের নৈমিত্তিক খাত | পরিচালক (প্রশাসন) এসকেএমসিবিজি এইচ এর ১৫/০২/২০১৮ তারিখের পত্র |
| ২. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোডের ৪ নং ও ৫ নং রোডের ৩ নং পানির পাম্পে ১৫০ মিমি ডায়া কলাম পাইপ সংযোজন এবং মেরিন ক্যাবল বর্ধিতকরণ কাজ। | ২,৯৯,৯৫২ | মেরামত ও রক্ষণাবেক্ষণ (পানি) | |
| ৩. | ডিএসসিএসসি, মিরপুর সেনানিবাসের গ্রাজুয়েশন উপলক্ষ্যে ১ নং এমপি চেকপোষ্ট হতে এমআইএসটি পর্যন্ত রাস্তার আইল্যান্ড মেরামত ও রংকরণ কাজ। | ১,২২,৭০৫ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | ডিএসসিএসসি মিরপুর সেনানিবাসের ০১/০১/২০১৮ তারিখের পত্র। |
| ৪. | স্বাধীনতা সরণির বনানী এমপি চেকপোষ্ট হতে ১৬ বীর চৌরাস্তা পর্যন্ত রিক্সা লেনের রোড ডিভাইডার অপসারণ, নতুন মঈনুল রোড চৌরাস্তায় পাকা ডিভাইডার ও রেলিং রংকরণ এবং হাজী মহসিনের সামনে রিক্সা লেইনের স্টপ লাইন মার্কিংকরণ। | ১,৬৬,১৬৪ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | ১৩ এমপি ইউনিটের ১৬/০১/২০১৮ এবং ১৭/০১/২০১৮ তারিখের পত্র। |
| ৫. | ক্যান্টনমেন্ট বোর্ডের স্টাফ কোয়ার্টার নং-৬৪/আই এর পিছনের ড্রেন সংস্কার ও পরিস্কারকরণ কাজ। | ৮৩,৭৬৮ | নর্দমা খাত | সংশ্লিষ্ট বাসা বরাদ্দ লাভকারীর ২৮/১১/২০১৭ তারিখের আদেনপত্র। |
| ৬. | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের বাৎসরিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ২,৫০,০০০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৭. | বনানী ডিওএইচএস এলাকার ইস্টার্ণ রোড (দক্ষিণ পার্শ্ব, রোড নং-১ হতে ৩ পর্যন্ত), মসজিদ সংলগ্ন রাস্তা এবং দক্ষিণ পার্শ্বের প্রবেশ/বাহির রাস্তা মেরামতসহ কার্পেটিং (এ্যাসফান্ট প্লান্টের সাহায্যে) কাজ। | ৩০,৫৯,৪৬৪ | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/বোর্ড তহবিল | |
| ৮. | বনানী ডিওএইচএস এলাকার ওয়েস্টার্ণ রোড, রোড নং-২, ৪, ৬, ও ইস্টার্ণ রোডের স্পীড ব্রেকার রংকরণ। | ১,১২,১৫৬ | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/বোর্ড তহবিল | |
| ৯. | ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের বাসভবনের পোর্চ মেরামত ও বিল্ডিং এর পশ্চিম পার্শ্বের ওয়াল ও পশ্চিমাংশের বাউন্ডারী ওয়াল ওয়েদারকোটকরণ। | ৯৩,৬৭৩ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১০. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের ৪৮/এ,ভবন-১, ফ্ল্যাট নং-২ মেরামত ও রংকরণ। | ৬৫,০৪৮ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | প্রদর্শক, মিলি জামাল |
| ১১. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৪/এ (নিচতলা-পূর্ব পার্শ্ব) বাসার তিনটি জানালার নিরাপত্তা গ্রীল সরবরাহ ও স্থাপন। | ৩৯,৫২১ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | হিসাব রক্ষণ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ (আল্লাহু মসজিদ) এর মেরামত ও রংকরণ। | ৭,২৮,৯১৮ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৩. | শহীদ বদিউজ্জামান রোডের ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-১/সি (নিচতলা-পশ্চিম পার্শ্ব) মেরামত ও রংকরণ। | ৫৯,৯২৫ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | মোছাঃ উম্মে হাবীবা, সহঃ শিক্ষক (ইংরেজী) |
| ১৪. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৫২/বি-৩ (নিচতলা) মেরামত ও রংকরণ। | ৪৭,২০১ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | মালী, মিন্টু মিয়া |
| ১৫. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৫/১(নিচতলা-দক্ষিণ পূর্ব পার্শ্ব) বাসার জানালার নিরাপত্তা গ্রীল সরবরাহ ও স্থাপন। | ৪৫,০৫৪ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | ইমরাদুজ্জামান (পরাগ), ট্যাক্স কালেক্টর |
| ১৬. | স্বাধীনতা সরণির শহীদ আনোয়ার চৌরাস্তা হতে পূর্ব দিকে মঈনুল রোড চৌরাস্তা পর্যন্ত এবং আদমজী ক্যান্ট কলেজের সম্মুখে রাস্তার মাঝখানে বিপদজনক পারাপার বন্ধের জন্য জিআই পাইপের ফেন্সিং স্থাপন কাজ। | ৮,৮০,০০০ | বোর্ড তহবিল | ১৩ এমপি ইউনেটর ১০/০১/২০১৮ তারিখের পত্র। |
| ১৭. | নৌ বাহিনী এলাকায় শিশু পার্ক মেরামত ও খেলনা সামগ্রী স্থাপন কাজ। | ৪৭,৬০,০০০/- | বোর্ড তহবিল | |
| ১৮. | মহাখালী ডিওএইচএস এলাকার শিশু পার্কের খেলনা ও ব্যাউন্ডারী ওয়াল মেরামত ও রংকরণ। | ১,৯৯,৭৩৪ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৯. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ৪/ডি নং বাসার টিনের ছাউনি পরিবর্তন কাজ। | ৬৯,৮৮৩ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | রাশিদা আফরোজ মজুমদার, জুনিয়র শিক্ষক |
| ২০. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের ভবন নং-৪৮/এ, ভবন নং-২, ৬ষ্ঠ তলার উত্তর পার্শ্ব মেরামত ও রংকরণ। | ৯৫,২৩৮ | মেরামত ও রক্ষণাবেক্ষণ | রেবেকা সুলতানা, সহকারী শিক্ষিকা (বাংলা) |
| ২১. | রজনীগন্ধা সুপার মার্কেটের রিক্সা স্ট্যান্ডের স্তুপীকৃত মাটি অপসারণ এবং ২'-০" ডায়া আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ৩,৬৪,০৭৫/- | বোর্ড তহবিল | |
| ২২. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ৯৭ নং টিনশেড স্টাফ কোয়ার্টার মেরামত ও সংস্কার। | ৭২,৭৫০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৩. | অফিস নার্সারীর জন্য গোবর, সার ও খৈল সরবরাহ। | ১,৫৮,০০০/- | উদ্যান খাত | |
| ২৪. | অফিস নার্সারীর জন্য ভিটি মাটি ও বিভিন্ন সার সরবরাহ। | ১,৭৩,০০০/- | উদ্যান খাত | |
| ২৫. | বিমান বাহিনী এলাকায় শিশু পার্ক মেরামত ও খেলনা সামগ্রী স্থাপন কাজ। | ৪৭,৬০,০০০/- | বোর্ড তহবিল | |
| ২৬. | শহীদ সরণির বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্থ রাস্তা মেরামত, সিএমএইচ এর বাহির গেইটের পূর্ব পার্শ্বে ড্রেন নির্মাণ, সেনা কেন্দ্রীয় মসজিদের গেইটে স্ল্যাব নির্মাণ। | ৫,৯১,৯৮৯/- | বোর্ড তহবিল | |
| ২৭. | সাভূসে অধিদপ্তরের ৩য় তলার বাথরুমসমূহের পানি নিষ্কাশন ব্যবস্থা মেরামতকরণ। | ৬,৭৫,০০০/- | অনুদান/বোর্ড তহবিল | |

আলোচনা ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিক এবং বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনা শেষে আলোচ্যবিষয়-১২ এর ২৭টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫, ৬, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৮, ১৯, ২০, ২২, ২৩ ও ২৪এ বর্ণিত১৯ (উনিশ)টি প্রকল্পের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-৭, ৮, ১৬, ১৭, ২১, ২৫, ২৬ ও ২৭ এ বর্ণিত ০৮(আট)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-১৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১৬ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের রেকর্ড রুমের ফ্লোরে টাইলস্ স্থাপন ও ছাদ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ১,৫৭,২৫৩ | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ১,৫৭,২৫৩ | ঘরবাড়ি মেরামত ও রক্ষণাবেক্ষণ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২। | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের নিচতলার দক্ষিণ পশ্চিম কর্ণারে গ্যারেজ এবং উত্তর পূর্ব কর্ণারে সিঁড়ি রুম মেরামত ও রংকরণকাজ। | ১,৯৪,২৬৫ | মেসার্স এ এন্ড ডি ব্রাদার্স | ১,৯৪,২৬৫ | ঘরবাড়ি মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৩। | নির্ঝর আবাসিক এলাকার শিশুপার্কের কম্বাইন্ড স্লাইডার্স ক্ষতিগ্রস্ত/ভাঙ্গা অংশ অপসারণ করে নতুন অংশ সংযোজনকাজ। | ১,২০,০০০ | মেসার্স আরএস এন্টারপ্রাইজ | ১,২০,০০০ | বোর্ড তহবিল |
| ৪। | রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে সিএস দাগ নং-৩১২তে ০৪(চার) তলা বিশিষ্ট মার্কেটের লিফট স্থাপন কাজ। | ৩০,৫৮,৮৩৯ | মেসার্স মা এন্টারপ্রাইজ | ৩০,৫৮,৮৩৯ | দোকান বরাদ্দের সালামী হতে |
| ৫। | 'সেনা ভবন' বোর্ড মেরামত/সংস্কার ও রিফ্লেকটিং স্টীকার পুনঃস্থাপন কাজ। | ৩৯,০০০ | মেসার্স কাকলী স্যানিটারী | ৩৯,০০০ | বোর্ড তহবিল |
| ৬। | ১৯, ২০ ও ২১ অক্টোবর ২০১৭ তারিখে অতি বৃষ্টির কারণে শহীদ সরণি, স্বাধীনতা সরণি ও শহীদ বদিউজ্জামান রোডের সৃষ্ট গর্ত মেরামত কাজ। | ৯৯,৮০০ | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৯৯,৮০০ | বোর্ড তহবিল |
| ৭। | মহাখালী ডিওএইচএস এলাকার ৭ নং রোড এবং মহাখালী প্রবেশ গেইট হতে দক্ষিণ দিকে সেন্ট্রাল ডাষ্টবিন হয়ে ৪ নং পানির পাম্প পর্যন্ত এবং রোড নং-১৯/বি (আংশিক) মেরামতসহ কার্পেটিং (এ্যাসফাল্ট প্লান্টের সাহায্যে) কাজ। | ১৬,১৭,৬৬৩ | মেসার্স সরদার এন্ড এসোসিয়েটস্ | ১৬,১৭,৬৬৩ | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল |
| ৮। | হাজী মহসিন সংলগ্ন প্রধান সড়কের ট্রাফিক সিগন্যালে বিদ্যমান হ্যালোজেন লাইট এর পরিবর্তে ১৮টি এলইডি লাইট (মডিউলসহ) স্থাপন কাজ। | ৭,৫৫,০০০ | মেসার্স আরআর কর্পোরেশন | ৭,৫৫,০০০ | বোর্ড তহবিল |
| ৯। | শহীদ সরণি সংলগ্ন আজিজপল্লীর দক্ষিণ পূর্ব কর্ণারে জিআই পাইপের রেলিং ও সিএমএইচ ইন গেইটের সম্মুখে জেব্রা ক্রোসিং এ (শুধুমাত্র রোগীদের) পারাপার নিয়ন্ত্রণের জন্য রিমোভ্যাবল ফেন্সিং স্থাপন কাজ। | ৪৪,০০০ | মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং | ৪৪,০০০ | বোর্ড তহবিল |
| ১০। | কচুক্ষেত পুরান বাজার এলাকার (চ্যাপ্টার্ড এরিয়া) শহীদ বদিউজ্জামান রোড হতে সিবি-১০৮/১ এর প্রবেশ রাস্তা মেরামতসহ ড্রেন পরিস্কারকরণকাজ। | ৪,০০,৭৭৪ | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ৪,০০,৭৭৪ | বোর্ড তহবিল |
| ১১। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক আবাসিক ও অস্থায়ী পরিচয়পত্র ইস্যু করার নিমিত্ত বিশেষ নিরাপত্তা চিহ্ন সম্বলিত চাররঙা স্পট লেমিনেশনসহ ৫৫০০০টি কার্ড ছাপানো কাজ। | ৩,৯৮,৭২৫ | মেসার্স হাবিব ট্রেডার্স | ৩,৯৮,৭২৫ | বোর্ড তহবিল |
| ১২। | মিরপুর ডিওএইচএস এলাকার বিভিন্ন সড়কে নিরাপত্তা বাতি সরবরাহকরণ কাজ। | ৮২,০০০ | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ৮২,০০০ | মিরপুর ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল |
| ১৩। | ঢাকা সেনানিবাসে ট্রাফিক নিয়ন্ত্রণের লক্ষ্যে ১৩ এমপি ইউনিটকে বিভিন্ন ট্রাফিক নিয়ন্ত্রণ সামগ্রী সরবরাহ কাজ। | ৫,৫৯,৬০০ | মেসার্স কাকলী স্যানিটারী | ৫,৫৯,৬০০ | বোর্ড তহবিল |
| ১৪। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-২৭/বি, এভিনিউ-৩ এর প্লট নং-৮৬০, ৮৫৮ থেকে ১৩৩৪ পর্যন্ত এ্যাসফাল্ট মেথডে কার্পেটিং কাজ। | ৪১,২৯,৩৫৪ | মেসার্স লাকী এন্টারপ্রাইজ | ৪১,২৯,৩৫৪ | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল |
| ১৫। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-২৭(পুরাতন), ১৩/এ (নতুন), প্লট নং-৯১৭, ১৩৪৬ থেকে ৯২৯ পর্যন্ত এ্যাসফাল্ট মেথডে কার্পেটিং কাজ। | ২৮,৩৫,৯৯১ | মেসার্স ভূইয়া কনস্ট্রাকশন | ২৮,৩৫,৯৯১ | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল |
| ১৬। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-২৫(পুরাতন), ১৩ (নতুন), প্লট নং-৮৫৯, ৯১৮ থেকে ৮৩৭ পর্যন্ত এ্যাসফাল্ট মেথডে কার্পেটিং কাজ। | ৪৭,৪৭,২৬১ | দি মুন এন্টারপ্রাইজ | ৪৭,৪৭,২৬১ | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল |

আলোচনা ঃ আলোচ্য বিষয়-১৩এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির উপস্থিতিতে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ ১৩.১। আলোচ্য বিষয়-১৩এর ১৬(ষোল)টি প্রকল্পের দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

১৩.২। ক্রমিক নং-১, ২ ও ৪ এ উল্লেখিত০৩(তিন)টি প্রকল্পের কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

১৩.৩। ক্রমিক নং-৩, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫ ও ১৬ এ উল্লেখিত ১৩ (তের)টি প্রকল্পের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-১৪ঃ গত ৩১ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-২২(৩) এর বিপরীতে গৃহীত সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে অভ্যন্তরীন পরিবর্তন (Architechtural change) এর ক্ষেত্রে নকশা এমআইএসটি কর্তৃক ভেটিং না করার বিষয়ে মহাখালী ডিওএইচএস এর ৪৮১ নং প্লট মালিক মিসেস লতা রহমান এর ০৩/০২/২০১৮ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা ঃ গত ৩১ অক্টোবর ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-২২(৩) এর মাধ্যমে মহাখালী ডিওএইচএস এর ৪৮১ নং প্লটেসংশোধিত ০৭ তলার (আভ্যন্তরীন পরিবর্তন-নিচতলায় জেনারেটর রুম, কেয়ারটেকার রুম, ড্রাইভার ওয়েটিং রুম এর অবস্থান পরিবর্তন) উপস্থাপন করা হলে উক্ত নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে অত্র দপ্তরের ০৮ নভেম্বর ২০১৭ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৪৮১/ডিওইচএস মহাখালী/২১৬ নং পত্রের মাধ্যমে এমআইএসটি ভেটিং বাবদ ১,২৩,৮১০/- (এক লক্ষ তেইশ হাজার আটশত দশ) টাকা জমা করার জন্য প্লট মালিককে অনুরোধ করা হয়। অতঃপর উক্ত নকশা এমআইএসটিতে প্রেরণ না করে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদনের জন্য সংশ্লিষ্ট প্লট মালিক মিসেস লতা রহমান গত ০৩/০২/২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। প্লট মালিকের আবেদনের প্রেক্ষিতে নথিপত্র যাচাইয়ান্তে প্রতিবেদন সিইও মহোদয়ের নিকট পেশ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শন করে আগামী সভায় পরিদর্শন প্রতিবেদন উপস্থাপন করবেনমর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৫ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের ০২ জন এবং এমইএস এর ০১ জনসহ মোট ০৩ জন ঠিকাদারের বিষয়ে ১৩ এমপি ইউনিটের ০৭ ডিসেম্বর ২০১৭ তারিখের পত্রের ঘটনা প্রতিবেদন (মারামারি) প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, গত ০৩ ডিসেম্বর ২০১৭ তারিখ আনুমানিক সন্ধ্যা ০৭.০০ ঘটিকার সময় শিখা অনির্বানের সম্মুখে এমইএস এর ঠিকাদার সৈয়দ সাইফুল ইসলাম চৌধুরী [সৈয়দ রোমায়েল হোসেন (রাফি) এন্টারপ্রাইজ এর মালিক] এবং জনাব মোঃ শাকিল আহমেদ (বর্তমানে ক্যান্ট বোর্ডের ঠিকাদার-মেসার্স জোবেদা এন্টারপ্রাইজ) কর্তৃক মারামারি সংঘটিত হয়। এ বিষয়ে উভয়কে ১৩ এমপি ইউনিটে মিলিটারী পুলিশ কর্তৃক নেয়া হয়। পরবর্তীতে জানা যায় ক্যান্টনমেন্ট বোর্ডের ঠিকাদার মেসার্স সেভেন স্টার ইলেকট্রনিক্স এর ফার্ম ব্যবহার করে (মালিক-জনাব মোঃ ইসকান্দার) এমইএস এর ঠিকাদার সৈয়দ সাইফুল ইসলাম চৌধুরী কর্তৃক জনাব শাকিল আহমেদ এর মধ্যস্থতায় নির্মাণ কাজ করা হয়। সেনানিবাসের অভ্যন্তরে মারামারি ঘটনা একটি নিয়ম শৃংখলা বহির্ভূত কাজ এবং গর্হিত অপরাধ। সংশ্লিষ্ট ঠিকাদারদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য ১৩ এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস কর্তৃক ০৭ ডিসেম্বর ২০১৭ তারিখে একটি ঘটনা প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স জোবেদা এন্টারপ্রাইজ, প্রোপ্রাইটর- জনাব মোঃ শাকিল আহমেদ এবং মেসার্স সেভেন স্টার ইলেকট্রনিক্স, প্রোপ্রাইটর- জনাব মোঃ ইসকান্দার এর তালিকাভুক্তি বাতিল করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। এমইএস এর তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান সৈয়দ রোমায়েল হোসেন (রাফি) এন্টারপ্রাইজ, প্রোপ্রাইটর- সৈয়দ সাইফুল ইসলাম চৌধুরী এর বিষয়ে এমইএস কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করতে হবে। ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন তাদের চলমান কাজ পরিমাপ করে ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করবেন।

আলোচ্যবিষয়-১৬ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় মাজার সংলগ্ন খালি জায়গায় একটি পানির ফোয়ারা ও ১টি সৌন্দর্য বর্ধক ভাস্কর্য নির্মাণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ মহাখালী ডিওএইচএস এর মাজার সংলগ্ন খালি জায়গাটি অব্যবহৃত অবস্থায় পড়ে আছে। উক্ত স্থানে একটি পানির ফোয়ারা ও একটি সৌন্দর্য বর্ধক ভাস্কর্য নির্মাণ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় মাজার সংলগ্ন খালি জায়গায় একটি পানির ফোয়ারা ও ১টি সৌন্দর্য বর্ধক ভাস্কর্য নির্মাণেরবিস্তারিত নকশা ও মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নৌ বাহিনী কঞ্জারভেন্সী ট্রাক নং-ঢাকা মেট্রো-১১-১২৬৯ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের নিমিত্ত ১,৫৩,৮০০/- (এক লক্ষ তিপ্পান্ন হাজার আটশত) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় নেভী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নৌ বাহিনী কঞ্জারভেন্সী ট্রাক নং-ঢাকা মেট্রো-১১-১২৬৯ নিম্নবর্ণিত যন্ত্রাংশ দ্বারা মেরমত কাজের নিমিত্ত ১,৫৩,৮০০/-(এক লক্ষ তিপ্পান্ন হাজার আটশত) টাকা ব্যয় হবে ঃ-

| ক্র/নং | বিবরন | পরিমান | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১. | ইঞ্জিন ওভারলিং | ০১টি | ৪৫৬০০.০০ | ৪৫৬০০.০০ |
| ২. | স্প্রিংপাতি | ০৪টি | ৪৮০০.০০ | ১৯২০০.০০ |
| ৩. | পাম্পের সুইচ | ০১টি | ১০০০.০০ | ১০০০.০০ |
| ৪. | চাঁকা | ০৪টি | ২২০০০.০০ | ৮৮০০০.০০ |
| | | | মোট= | ১,৫৩,৮০০.০০ |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নৌ বাহিনী কঞ্জারভেন্সী ট্রাক নং-ঢাকা মেট্রো-১১-১২৬৯ বিভিন্ন যন্ত্রাংশ দ্বারা মেরামত কাজের নিমিত্ত ১,৫৩,৮০০/- (এক লক্ষ তিপ্পান্ন হাজার আটশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয়ব্যয় নেভী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-১৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নৌ বাহিনী কঞ্জারভেন্সী শাখার কর্মচারীদের পোষাক সরবরাহের নিমিত্ত ২,০৪,০০০/- (দুই লক্ষ চার হাজার) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয়ব্যয় নেভী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নৌ বাহিনী কঞ্জারভেন্সী শাখার কর্মচারীদের নিম্নবর্ণিত পোষাক সরবরাহের নিমিত্ত ২,০৪,০০০/-(দুই লক্ষ চার হাজার) টাকা ব্যয় হবেঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট |
|---|---|---|---|---|
| ১. | ০১(এক)জন কঞ্জারভেন্সী ড্রাইভারের পোষাক | ০১(এক)সেট | ২,৫০০.০০ | ২৫০০.০০ |
| ২. | ৩১জন পরিচ্ছন্নতা কর্মীর ০২(দুই)সেট করে পোষাক | ৬২ সেট | ২০০০.০০ | ১২৪০০০.০০ |
| ৩. | ৩১ জন পরিচ্ছন্নতা কর্মীর গামবুট | ৩১ জোড়া | ১০০০.০০ | ৩১০০০.০০ |
| ৪. | ৩১ জন পরিচ্ছন্নতা কর্মীর রেইনকোট | ৩১ সেট | ১৫০০.০০ | ৪৬৫০০.০০ |
| | | | মোট = | ২,০৪,০০০.০০ |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নৌ বাহিনী কঞ্জারভেন্সী শাখার কর্মচারীদের পোষাক সরবরাহের নিমিত্ত ২,০৪,০০০/- (দুই লক্ষ চার হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয়ব্যয় নেভী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-১৯ঃ দূর্যোগপূর্ণ আবহাওয়ায় চাকুরীরত অথবা অবসরপ্রাপ্ত সেনাসদস্যদের রাষ্ট্রীয়/সামরিক মর্যাদায় অন্তোষ্টিক্রিয়ার জন্য বনানী সামরিক কবরস্থানে মোবাইল শেড নির্মাণের নিমিত্ত ১,৯৯,৫০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় কবরস্থান খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা ঃ দূর্যোগপূর্ণ আবহাওয়ায় চাকুরীরত অথবা অবসরপ্রাপ্ত সেনাসদস্যদের রাষ্ট্রীয়/সামরিক মর্যাদায় অন্তোষ্টিক্রিয়ার জন্য বনানী সামরিক কবরস্থানে মোবাইল শেড নির্মাণের নিমিত্ত ১,৯৯,৫০০/-(এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা ব্যয় হবেঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট |
|---|---|---|---|---|
| ১. | সিলভার পাইপ | ১৪০ফুট | ৭৫০.০০ | ১,০৫,০০০.০০ |
| ২. | ব্যান্ড (সিলভার) | ১২টি | ২০০০.০০ | ৩০,০০০.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | লক | ৪৮টি | ৩০০.০০ | ১৪,৪০০.০০ |
| ৪. | পিভিসি পুটিং ক্লথ | ৫০মিটার | ৪০০.০০ | ২০,০০০.০০ |
| ৫. | এ্যাংগেল এবং রেপ বাবদ | -- | -- | ৮,০০০.০০ |
| ৬. | মজুরী বাবদ | -- | -- | ১৮,১০০.০০ |
| ৭. | পরিবহন বাবদ | -- | -- | ৪,০০০.০০ |
| | | | মোট = | ১,৯৯,৫০০.০০ |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে দূর্যোগপূর্ণ আবহাওয়ায় চাকুরীরত অথবা অবসরপ্রাপ্ত সেনাসদস্যদের রাষ্ট্রীয়/সামরিক মর্যাদায় অন্তোষ্টিক্রিয়ার জন্য বনানী সামরিক কবরস্থানে মোবাইল শেড নির্মাণের নিমিত্ত ১,৯৯,৫০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয়ব্যয় কবরস্থান খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২০ঃ মশক নিধন কাজের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পরিচ্ছন্নতা কর্মীর ০৩(তিন)টি এবং মালীর ০২(দুই)টি শূন্য পদের বিপরীতে মাস্টার রোলে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০৫(পাঁচ) জন লোক নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা শহরের অন্যান্য স্থানের ন্যায় ঢাকা সেনানিবাসেও মশার উপদ্রব ব্যপক হারে বৃদ্ধি পেয়েছে। দ্রুততম সময়ের মধ্যে ব্যপকভাবে মশক নিধন কাজ শুরু করা না হলে অবস্থার আরো অবনতির আশংকা রয়েছে। কিন্তু প্রয়োজনীয় লোকবলের অভাবে সেনানিবাসের সকল এলাকায় নিয়মিত ফগিং এবং লার্ভিসাইড স্প্রে করা যাচ্ছে না মর্মে সভাকে অবহিত করা হয়।

সিদ্ধান্ত ঃ ২০.১। বিস্তারিত আলোচনান্তে মশক নিধন কাজের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পরিচ্ছন্নতা কর্মীর ০২(দুই)টি এবং মালীর ০৩(তিন)টি শূন্য পদের বিপরীতে মাস্টার রোলে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত ০৫(পাঁচ) জনকে মাসিক সর্বসাকুল্যে ৯,৫০০/- (নয় হাজার পাঁচশত) টাকা বেতনে নিয়োগ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| | |
|---|---|
| ১. | জনাব সুজন মিয়া, পিতা- মোঃ ফরিদ মিয়া |
| ২. | জনাব মোঃ মাহবুব আলম, পিতা- মোঃ ওসমান রুবেল |
| ৩. | জনাব মোঃ রিদয় হোসাইন, পিতা- মোঃ আঞ্জু মিয়া |
| ৪. | জনাব মোঃ আনোয়ার হোসেন, পিতা- মৃত আবুল হোসেন |
| ৫. | জনাব কাঞ্চন মালো, পিতা- কৃষ্ণ চন্দ্র মালো |

২০.২। পরিচ্ছন্নতা কর্মীর ০১(এক)টি শূন্য পদের বিপরীতে স্থায়ী পদে নিয়োগ না হওয়া পর্যন্ত নিপা খাতুন, পিতা- আব্দুল কুদ্দুস, স্বামী- শাহজাহান-কে মাসিক সর্বসাকুল্যে ৯,৫০০/- (নয় হাজার পাঁচশত) টাকা বেতনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাস্টার রোলে নিয়োগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

২০.৩। মালীর ০১(এক)টি শূন্য পদের বিপরীতে স্থায়ী পদে নিয়োগ না হওয়া পর্যন্ত জনাব মোঃ শওকত ওছমান, পিতা- আব্দুর রহমান-কে মাসিক সর্বসাকুল্যে ৯,৫০০/- (নয় হাজার পাঁচশত) টাকা বেতনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাস্টার রোলে নিয়োগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২১ঃ মেসার্স গ্রীন ভ্যালী ট্রেডিং হাউজ, প্রোঃ-মোহাম্মদ সাখাওয়াত হোসেন এর অনুকূলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর হতে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে তালিকাভূক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মেসার্স গ্রীন ভ্যালী ট্রেডিং হাউজ, প্রোঃ- মোহাম্মদ সাখাওয়াত হোসেন, ৬৪, বিজয় নগর, কাকরাইল (নীচ তলা), ঢাকা ১ম শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্তির জন্য গত ২০/০৩/২০১৭ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। প্রতিরক্ষা গোয়েন্দ মহাপরিদপ্তরের ২৫/০১/২০১৮ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩.১১৮.০১.২৫.০১.১৮ নং পত্রের মাধ্যমে "মেসার্স গ্রীন ভ্যালী ট্রেডিং হাউজ" এর অনুকূলে ০৭ অক্টোবর ২০১৮ তারিখ পর্যন্ত নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। নিরাপত্তা ছাড়পত্র প্রদান করায় উক্ত প্রতিষ্ঠান-কে অত্র দপ্তরে ঠিকাদারী প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্ত করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মেসার্স গ্রীন ভ্যালী ট্রেডিং হাউজ, প্রোঃ-মোহাম্মদ সাখাওয়াত হোসেন, ৬৪, বিজয় নগর, কাকরাইল (নীচ তলা), ঢাকা-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্যবিষয়-২২ঃ** স্টাফ রোড এমপি চেকপোষ্ট এলাকায় রোপণের জন্য হ্যাজগাছ ক্রয়ের নিমিত্ত ১,৯৯,৫০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কণ্ঞারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

**আলোচনা ঃ** স্টাফরোড এমপি চেকপোষ্ট এলাকায় রোপণের জন্য নিম্নবর্ণিত হ্যাজগাছ ক্রয়ের নিমিত্ত ১,৯৯,৫০০/-(এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা ব্যয় হবেঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট |
|---|---|---|---|---|
| ১. | হলুদ হ্যাজ | ২০০০০টি | ৭.০০ | ১৪০০০০.০০ |
| ২. | লাল বর্ডার | ৫০০০টি | ৭.০০ | ৩৫০০০.০০ |
| ৩. | হলুদ মেহেদী | ৩৫০০টি | ৭.০০ | ২৪৫০০.০০ |
| | | | মোট= | ১৯৯৫০০.০০ |

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে স্টাফ রোড এমপি চেকপোষ্ট এলাকায় রোপণের জন্য হ্যাজগাছ ক্রয়ের নিমিত্ত ১,৯৯,৫০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কণ্ঞারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

**আলোচ্যবিষয়-২৩ঃ** ঢাকা সেনানিবাসস্থ ৩ নং বাংলোর সামনে রোপণের জন্য হ্যাজগাছ ক্রয়ের নিমিত্ত ১,৯৯,৫০০ (এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করা যেতে পারে।

**আলোচনা ঃ** বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ ৩নং বাংলোর সামনে রোপণের জন্য নিম্নবর্ণিত হ্যাজগাছ ক্রয়ের নিমিত্ত ১,৯৯,৫০০/-(এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা ব্যয় হবেঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট |
|---|---|---|---|---|
| ১. | পানিকা হ্যাজ | ২১৫০০টি | ৭.০০ | ১৫০৫০০.০০ |
| ২. | হলুদ হ্যাজ | ৭০০০টি | ৭.০০ | ৪৯০০০.০০ |
| | | | মোট= | ১৯৯৫০০.০০ |

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ৩ নং বাংলোর সামনে রোপণের জন্য হ্যাজগাছ ক্রয়ের নিমিত্ত ১,৯৯,৫০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করতে হবে।

**আলোচ্যবিষয়-২৪ঃ** স্টেশন সদর দপ্তরের সামনে রোপণের জন্য হ্যাজগাছ ক্রয়ের নিমিত্ত ১,৯৮,৮০০/- (এক লক্ষ আটানব্বই হাজার আটশত) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করা যেতে পারে।

**আলোচনা ঃ** প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, স্টেশন সদর দপ্তরের সামনে রোপণের জন্য হ্যাজগাছ ক্রয়ের নিমিত্ত ১,৯৮,৮০০/-(এক লক্ষ আটানব্বই হাজার আটশত) টাকা ব্যয় হবেঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট |
|---|---|---|---|---|
| ১. | হলুদ হ্যাজ | ১৪৫০০টি | ৭.০০ | ১০১৫০০.০০ |
| ২. | লাল বর্ডার | ১৩৯০০টি | ৭.০০ | ৯৭৩০০.০০ |
| | | | মোট= | ১৯৮৮০০ |

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে স্টেশন সদর দপ্তরের সামনে রোপণের জন্য হ্যাজগাছ ক্রয়ের নিমিত্ত ১,৯৮,৮০০/- (এক লক্ষ আটানব্বই হাজার আটশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করতে হবে।

**আলোচ্যবিষয়-২৫ঃ** ২৫ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে বিডিআর বিদ্রোহে শহীদ সেনা কর্মকর্তাগণের কবরে শ্রদ্ধাঞ্জলী দেওয়ার জন্য বিভিন্ন মালামাল ক্রয়ের নিমিত্ত ৮৩,৩০০/-(তিরাশি হাজার তিনশত) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয় ব্যয় কবরস্থান খাত হতে সংকুলান করা যেতে পারে।

**আলোচনা ঃ** বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ২৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে বনানী সামরিক কবরস্থানে বিডিআর বিদ্রোহে নিহত শহীদদের কবরে শ্রদ্ধাঞ্জলি দেওয়ার জন্য নিম্নবর্ণিত মালামাল ক্রয়ের নিমিত্ত ৮৩,৩০০/-(তিরাশি হাজার তিনশত) টাকা ব্যয় হবে ঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট |
|---|---|---|---|---|
| ১. | গোলাপ | ৬০০০টি | ১১.০০ | ৬৬,০০০.০০ |
| ২. | গ্যালোডিয়াস | ৩০০টি | ২০.০০ | ৬,০০০.০০ |
| ৩. | গাদাফুলের মালা | ০৯টি | ৫৮০.০০ | ৫,২২০.০০ |
| ৪. | সবুজ কাপড় | ৩৫গজ | ৪৫.০০ | ১,৫৭৫.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | আর্টপেপার | ০৯টি | ৪৫.০০ | ৪০৫.০০ |
| ৬. | গুনাতার | ০৬ কেজি | ১১০.০০ | ৫৫০.০০ |
| ৭. | সুতলী | ০৫ কেজি | ১১০.০০ | ৫৫০.০০ |
| ৮. | রজনীগন্ধার পাপড়ী | ০৫ কেজি | ৬০০.০০ | ৩,০০০.০০ |
| | | | মোট= | ৮৩,৩০০.০০ |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ২৫ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে বিডিআর বিদ্রোহে শহীদ সেনা কর্মকর্তাগণের কবরে শ্রদ্ধাঞ্জলী দেওয়ার জন্য বিভিন্ন মালামাল ক্রয়ের নিমিত্ত ৮৩,৩০০/- (তিরাশি হাজার তিনশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় কবরস্থান খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত বারিধারা ডিওএইচএস জামে মসজিদের ইমাম জনাব মোহাম্মদ দেলোয়ার হোসেন এর নামে বরাদ্দকৃত বাসার ভাড়া কমানো প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বারিধারা ডিওএইচএস পরিষদের ইমাম জনাব মোহাম্মদ দেলোয়ার হোসেন এর নামে বরাদ্দকৃত বাসার ভাড়া কমানোর জন্য গত ১০ অক্টোবর ২০১৭ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেছেন। বারিধারা ডিওএইচএস পরিষদের সেক্রেটারী তাঁর উক্ত আবেদনপত্রটি সহানুভূতির সাথে বিবেচনা করতঃ কার্যকরী ব্যবস্থা গ্রহণের (ভাড়া কমানোর) অনুরোধসহ গত ২৮ অক্টোবর ২০১৭ খ্রিঃ তারিখের পত্রের মাধ্যমে অত্র দপ্তরে প্রেরণ করেছেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে বারিধারা ডিওএইচএস জামে মসজিদের ইমাম/মোয়াজ্জিনের জন্য নির্মিত বাসাটি ০২ তলা বিশিষ্ট। উক্ত ভবনের নীচতলার বাসাটি ডিওএইচএস পরিষদ কর্তৃক নিয়োগকৃত মোয়াজ্জিন জনাব মোঃ আখতার হোসেন-কে (তৎকালীন ইমামের মূল বেতন ৮,৯০০/- এর ৬০% + ৭.৫% হারে) ৬,০০৭/- (ছয় হাজার সাত) টাকা ভাড়া পরিশোধ সাপেক্ষে বরাদ্দ প্রদান করা হয়। পরবর্তীতে বারিধারা ডিওএইচএস পরিষদ এর ২১ মার্চ ২০১২ তারিখের ডিওএইচএস-বা/১২৯/সিইও নং পত্রের প্রেক্ষিতে ভাড়া কমানোর বিষয়ে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৯ মার্চ ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-২৯বিবিধ-(৪) এর মাধ্যমে উপস্থাপন করা হলে বারিধারা ডিওএইচএস জামে মসজিদের মোয়াজ্জিনের কোয়ার্টারের ভাড়া ৪,০০০/- (চার হাজার) টাকায় পুনঃনির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়।বারিধারা ডিওএইচএস জামে মসজিদের ইমাম/মোয়াজ্জিনের জন্য নির্মিত ০২ তলা বিশিষ্ট ভবনটির বাসা ভাড়া তারতম্যের বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ-

| ক্র/নং | নাম ও পদবী | চাকুরীর ধরণ ও নিয়োগকৃত দপ্তর | বর্তমান বেতন (মূল বেতন) | বরাদ্দকৃত বাসার নম্বর | বাসা ভাড়া | তারতম্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ দেলোয়ার হোসেন, ইমাম | (স্থায়ী) সাভূসে অধিদপ্তর | ২৬,৭৬০/- | ০২ তলা | ১৪,৭১৮/- | ১০,৭১৮/- |
| ২। | জনাব মোঃ আখতার হোসেন, মোয়াজ্জিন | (অস্থায়ী) বারিধারা ডিওএইচএস পরিষদ | নির্ধারিত | নীচ তলা | ৪০০০/- | |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে বারিধারা ডিওএইচএস মসজিদের ইমাম এর কোয়ার্টার এর মাসিক ভাড়া ৪,০০০/- (চার হাজার) টাকা নির্ধারণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। নতুন এ ভাড়ার হার ০১ মার্চ, ২০১৮ তারিখ হতে কার্যকর হবে।

আলোচ্যবিষয়-২৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডেপ্রথম শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান হিসেবে তালিকাভূক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান হিসেবে তালিকাভূক্তির জন্য প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে নিম্নবর্ণিত ০৪(চার)টি প্রতিষ্ঠান-কে সঠিক পাওয়া যায় ঃ-

| ক্র/নং | প্রতিষ্ঠান ও স্বত্বাধিকারীর নাম | ঠিকানা | আবেদন জমার তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | দি জেম ইন্টারন্যাশনাল প্রোঃ মেজর (অবঃ) মোঃ জালাল উদ্দিন আহাম্মদ | আই ২৩/২, উত্তর বিলাশপুর, বি, আই, ডিসি রোড, জয়দেবপুর, গাজীপুর। | ২৮/০১/২০১৮ | ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, ইনকাম ট্যাক্স, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেটসহ অন্যান্য চাহিত কাগজপত্রাদি জমা করা হয়েছে। |
| ২. | মেসার্স অন্তরা এন্টারপ্রাইজ প্রোঃ রহিমা সরকার | সিবি-১৪২/২, পুরাতন কচুক্ষেত, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬। | ০৭/১১/২০১৭ | ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, ইনকাম ট্যাক্স, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেটসহ অন্যান্য চাহিত কাগজপত্রাদি জমা করা হয়েছে। |
| ৩. | মেসার্স হায়াত ইন্টারন্যাশনাল প্রোঃ সৈয়দ হায়াতুজ্জামান | ২২১/১, ভাষাণটেক, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | ০৩/০৫/১৭ | ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, ইনকাম ট্যাক্স, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেটসহ অন্যান্য চাহিত কাগজপত্রাদি জমা করা হয়েছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | মেসার্স ফাহিম এন্টারপ্রাইজ প্রোঃ গাজী বেনজীর এন্টারপ্রাইজ | ১৮৪, ধামালকোট, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬। | ২২/০১/১৮ | ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, ইনকাম ট্যাক্স, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেটসহ অন্যান্য চাহিত কাগজপত্রাদি জমা করা হয়েছে। |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে (১) দি জেম ইন্টারন্যাশনাল, প্রোঃ মেজর (অবঃ) মোঃ জালাল উদ্দিন আহাম্মদ (২) মেসার্স অন্তরা এন্টারপ্রাইজ, প্রোঃ রহিমা সরকার (৩) মেসার্স হায়াত ইন্টারন্যাশনাল, প্রোঃ সৈয়দ হায়াতুজ্জামান (৪) মেসার্স ফাহিম এন্টারপ্রাইজ, প্রোঃ গাজী বেনজীর এন্টারপ্রাইজ-কে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্তির সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৮ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান করার জন্য স্থান বরাদ্দের নিমিত্ত প্রাপ্ত আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন স্থানে অব্যবহৃত জায়গায় ময়লা ফেলে মার্কেটের পরিবেশ নষ্ট করা হচ্ছে। উক্ত স্থানগুলো দোকান করার জন্য বরাদ্দ প্রদান করা হলে ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব বৃদ্ধির সাথে সাথে মার্কেটের পরিবেশেরও উন্নতি হবে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে নিজ খরচে দোকান করার জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০৫(পাঁচ) বছরের জন্য নিম্নবর্ণিতভাবে জায়গা বরাদ্দের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্রঃ নং | বরাদ্দলাভকারীর নাম ও ঠিকানা | বরাদ্দকৃত জায়গার অবস্থান (নম্বর) ও আয়তন | এককালীন সালামীর পরিমাণ | মাসিক ভাড়া প্রতি বর্গফুট |
|---|---|---|---|---|
| ১. | টিএস-৪৫৮৮ মেজর মোঃ শফিকুল ইসলাম (অবঃ) কলমা উত্তর, আশুলিয়া রোড, সাভার, ঢাকা-১৩৪১। | রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা ব্লকের ৪ ও ৯ নং দোকানের মধ্যবর্তী খালি জায়গা, আনুমানিক ২৫০ বর্গফুট | ১,০০,০০০/- | ১২/- |
| ২. | নং-৪০০০২৬৩ সার্জেন্ট মোঃ জোনাব আলী (অবঃ) গ্রাম- লরারকূল, পোঃ- এস বাখরগঞ্জ থানা- চিতলমারী, জেলা- বাগের হাট। | রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা ব্লকের ৮, ও ১৫ নং দোকানের মধ্যবর্তী খালি জায়গা, ২৫০ বর্গফুট | ১,০০,০০০/- | ১২/- |
| ৩. | জনাব ইয়াসিন রহমান পতা- মোস্তাফিজুর রহমান ৬৫, ভগবৎ সাহা শঙ্খ নিধি রোড, নারিন্দা, থানা- গেন্ডারিয়া, জেলা- ঢাকা। | রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা ব্লকের সিঁড়ির উত্তর-পশ্চিম পার্শ্বের ৯৫/এফ নং স্থান, আনুমানিক ৫০ বর্গফুট | ১,০০,০০০/- | ১২/- |
| ৪. | নং-৪০১৮৩১১ কর্পোরাল মোঃ সোলায়মান আলী (অবঃ), পিতা- মৃত আব্দুর রহমান, গ্রাম- বাটাজৈর, পোঃ ও থানা- ভালুকা, জেলা- ময়মনসিংহ। | রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা ব্লকের সিঁড়ির উত্তর-পশ্চিম পার্শ্বের ৯৫/ই নং স্থান, আনুমানিক ৫০ বর্গফুট | ১,০০,০০০/- | ১২/- |
| ৫. | রাফিয়া হোসেন পিতা- জনাব মোঃ রকিব হোসেন ৬৪/৩, সিদ্ধেশরী সার্কুলার রোড, ঢাকা। | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ মুরগী বাজারের দক্ষিণ পার্শ্বে আনুমানিক ১৫০ বর্গফুট | ১,০০,০০০/- | ১২/- |
| ৬. | জনাব রাইসুল ইসলাম নাসির পিতা- মরহুম নয়েজ উদ্দিন আহমেদ গ্রাম- কাঞ্চনপুর দক্ষিণ, পোঃ- কাঞ্চনপুর থানা- বাশাইল, জেলা- টাংগাইল। | রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা ব্লকের সিঁড়ির উত্তর-পূর্ব পার্শ্বে ৯৫/ডি নং স্থান, আনুমানিক ৫৫ বর্গফুট | ১,০০,০০০/- | ১২/- |
| ৭. | জনাব মোঃ শাহজাহান আখন পিতা- মোঃ এলাহি বকস আখন গ্রাম- সাপদী, পোঃ- বাঘারবাজার থানা ও জেলা- চাঁদপুর। | রজনীগন্ধা সুপার মার্কেটের পাকা ব্লকের সিঁড়ির দক্ষিণ-পূর্ব পার্শ্বে ৯৫/এ নং স্থান, আনুমানিক ৫৫ বর্গফুট | ১,০০,০০০/- | ১২/- |

আলোচ্যবিষয়-২৯ঃ জানুয়ারি, ২০১৮ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

আলোচনা ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জানুয়ারি, ২০১৮ মাসে বিভিন্ন খাতে ১,০৫,২৫,০৭৮/- (এক কোটি পাঁচ লক্ষ পঁচিশ হাজার আটাত্তর) টাকা রাজস্ব আদায় হয়েছে। রাজস্ব আদায়ের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৭-২০১৮ অর্থ বছরের প্রাক্কলিত আয় ১৫,৪৫,৭০,০০০ (পঁনের কোটি পঁয়তাল্লিশ লক্ষ সত্তর হাজার) টাকার বিপরীতে জানুয়ারি, ২০১৮ পর্যন্ত রিবেটসহ আদায় হয়েছে ১৫,৮৪,৪৪,৭৭৯/- (পঁনের কোটি চুরাশি লক্ষ চুয়াল্লিশ হাজার সাতশত উনআশি) টাকা, যা মোট দাবীর ১০২.৫০%।

সিদ্ধান্ত ঃ রাজস্ব আদায়ের কার্যক্রমে গতিশীলতা আনয়নসহ ভবিষ্যতে বকেয়া কর আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-৩০ঃ জানুয়ারি, ২০১৮ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

আলোচনা ঃ জানুয়ারি ২০১৮ মাসে স্থানীয় আয়ের উৎস হতে মোট ৭,০৭,২৮,৯৫০/- (সাত কোটি সাত লক্ষ আটাশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ জানুয়ারি, ২০১৮ মাসে সর্বমোট আয় ১২,৮৬,৬৬,২৩৮/- (বার কোটি ছিয়াশি লক্ষ ছেষট্টি হাজার দুইশত আটত্রিশ) টাকা। অপরদিকে জানুয়ারি, ২০১৮ মাসে সর্বমোট ব্যয় ৮,৪৬,২৪,০৩৩/- (আট কোটি ছেচল্লিশ লক্ষ চব্বিশ হাজার তেত্রিশ) টাকা, সমাপনী জের ৪,৪০,৪২,২০৫/- (চার কোটি চল্লিশলক্ষ বিয়াল্লিশ লক্ষ দুইশত পাঁচ) টাকা।

সিদ্ধান্ত ঃ জানুয়ারি, ২০১৮ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো এবং পরবর্তী কার্যক্রমের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩১ঃ ঢাকা সেনানিবাসে মশক নিধন কাজের জন্য ১০টি ফগার মেশিন ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা শহরের অন্যান্য স্থানের ন্যায় ঢাকা সেনানিবাসেও মশার উপদ্রব ব্যপক হারে বৃদ্ধি পেয়েছে। দ্রুততম সময়ের মধ্যে ব্যপকভাবে মশক নিধন কাজ শুরু করা না হলে অবস্থার আরো অবনতির আশংকা রয়েছে। এ কাজের জন্য ৫টি ফগিং মেশিন এবং ৫ টি লার্ভিসাইড স্প্রে মেশিন ক্রয় করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মশক নিধন কাজের জন্য ৫টি ফগিং মেশিন এবং ৫ টি লার্ভিসাইড স্প্রে মেশিন ক্রয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী ও আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৩২ঃ গত ২৫ জুলাই, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৫৫ এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাস আবাসিক এলাকার ০৭ নং রোডের প্লট নং-২৮৭/৩ ও ২৮৭/4 এ যাতায়াতের লক্ষ্যে ক্যান্টনমেন্ট বোর্ডের সীমানা দেয়ালের কিছু অংশ ভেঙ্গে রাস্তা প্রশস্ত করার জন্য ০৫ জুন ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-২০ এর মাধ্যমে আবেদনকারী মেজর মোঃ রুহুল আলম (অবঃ), সভাপতি, রোদশী-শ্রাবন্তী কিংডম এপার্টমেন্ট ওনার্স এসোসিয়েশন নিজ দায়িত্বে নিজ খরচে সম্পন্ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে ক্যান্টনমেন্ট বোর্ডের সীমানা দেয়াল ভাঙ্গা, পুনঃনির্মাণ এবং কোন ঘর ক্ষতিগ্রস্ত হলে তা পুনঃ নির্মাণের যাবতীয় ব্যয় মেজর মোঃ রুহুল আলম (অবঃ), সভাপতি, রোদশী-শ্রাবন্তী কিংডম এপার্টমেন্ট ওনার্স এসোসিয়েশনকে ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে মর্মে আবেদনকারী মেজর মোঃ রুহুল আলম (অবঃ), সভাপতি, রোদশী-শ্রাবন্তী কিংডম এপার্টমেন্ট ওনার্স এসোসিয়েশনকে পত্র দেয়া হয়েছে। অত:পর রাস্তার প্রবেশমুখে বিদ্যমান ইলেক্ট্রিক পোল পূর্ব দিকে স্থানান্তরের জন্য মেজর (অবঃ) মোঃ রুহুল আলম (অবঃ) এর ১৭ জুলাই, ২০১৬ তারিখের আবেদনটি গত ২৫ জুলাই, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৫৫ এর মাধ্যমে উপস্থাপন করা হলে ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং-৭ এর পশ্চিম প্রান্তে বিদ্যমান ইলেক্ট্রিক পোল পূর্ব দিকে স্থানান্তরের জন্য DESA/DESCOকর্তৃক নির্ধারিত পোল স্থানান্তর ব্যয়ভার আবেদনকারী কর্তৃক বহন করার শর্তে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সেনানিবাসের নিরাপত্তার স্বার্থে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোড সংলগ্ন প্লট ও ফ্ল্যাটে যাতায়াতের জন্য রাস্তা প্রশস্তকরণ সংক্রান্ত ২৫ জুলাই, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৫৫ এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত এতদ্বারা বাতিল করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩৩ঃ গত ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৬(৪) এর মাধ্যমে কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৩৫ ও ২৩৫/১ নং প্লটে অনুমোদিত নকশা বাতিল প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৩৫ ও ২৩৫/১ নং প্লটে যৌথভাবে ০৭(সাত) তলা ভবন নির্মাণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডে নকশা দাখিল করা হলে গত ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৬(৪) এর মাধ্যমে অনুমোদিত হয়। কিন্তু নথি পর্যালোচনায় দেখা যায় যে, ২.৯৮ কাঠা জমি বিশিষ্ট সিবি-২৩৫ নং প্লটের মালিক জনাব মোঃ কলিল আহমেদ জলিল এবং ২.৫০ কাঠা জমি বিশিষ্ট ২৩৫/১ নং প্লটের মালিক ০৬(ছয়) জন যথাক্রমে (ক) জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, (খ) জনাব মোঃ সাবের খান, (গ) জনাব মোঃ হাফিজ উল্লাহ (ঘ) জনাব মোঃ হানিফ, (ঙ) বেগম কহিনূর আক্তার শিরিন এবং (চ) জনাব মোঃ শাহাবুদ্দিন। দু'টি স্বতন্ত্র প্লট হলেও যৌথভাবে ভবন নির্মাণের নকশা অনুমোদনের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন দাখিল করা হয়েছে। দু'টি স্বতন্ত্র প্লটে যৌথভাবে ভবন নির্মাণের জন্য পূর্বানুমোদন গ্রহণ করার নিয়ম থাকলেও এক্ষেত্রে তা গ্রহণ করা হয়নি।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে গত ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৬(৪) এর মাধ্যমে কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৩৫ ও ২৩৫/১ নং প্লটে অনুমোদিত নকশা বাতিল করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। দু'টি স্বতন্ত্র প্লটে যৌথভাবে ভবন নির্মাণের অনুমোদন সাপেক্ষে পুনরায় নকশা দাখিল করা হলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

আলোচ্যবিষয়-৩৪ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলে জুনিয়র শিক্ষকের শূন্য পদের বিপরীতে মাস্টার রোলে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলে জুনিয়র শিক্ষকের ০২(দুই) টি পদ শূন্য থাকায় শ্রেণী কার্যক্রমে মারাত্মক বিঘ্ন ঘটছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের জুনিয়র শিক্ষকের শূন্য পদের বিপরীতে মিসেস নাফিস জাহান ডলি, পিতা- আব্দুল ওয়াহাব-কে শূন্য পদে স্থায়ী নিয়োগ না হওয়া পর্যন্ত মাসিক সর্বসাকুল্যে ১২,০০০/- (বার হাজার) টাকা বেতনে নিয়োগ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩৫ঃ বিবিধ।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্ত ঃ পরিশিষ্ট-'ক'

১/৩/২০১৮

( এস. এম. আব্দুল কাদের )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

01 Mar 18

(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

**পরিশিষ্ট-'ক'**

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন এম সাইফুর রহমান, (ট্যাজ), বিএসপি, বিসিজিএম, পিএসসি, বিএন<br>অধিনায়ক, বিএনএস হাজী মহসীন, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ মাহামুদুর হাসান, এএফডব্লিউসি, পিএসসি<br>অধিনায়ক, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | মেজর মইনুল ইসলাম<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহমেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) | কাজী হাফিজুল আমিন<br>সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়<br>জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |